ভোরের কাগজ

তারিখ 01 APR 1998

পৃষ্ঠা 7 কলাম 7

## অল্পকথা

### একযোগে পদত্যাগ

কাগজ প্রতিবেদক : এডহক ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত দুজন শিক্ষককে কাউন্সিলের সিদ্ধান্ত ছাড়াই কর্তৃপক্ষের মৌখিক নির্দেশে অব্যাহতি দানের প্রতিবাদে বাংলাদেশ গ্রন্থাগার সমিতি পরিচালিত ইনস্টিটিউট অফ লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন সায়েন্স (আইএলআইএস) থেকে ছয়জন শিক্ষক একযোগে পদত্যাগপত্র পেশ করেছেন। গতকাল মঙ্গলবার বাংলাদেশ গ্রন্থাগার সমিতির সাধারণ সম্পাদকের কাছে পদত্যাগপত্র পেশকারী আইএলআইএস-এর ৬ শিক্ষক হলেন হাজেরা রহমান, পরিতোষ চন্দ্র দে, মোঃ আনিসুর রহমান, মোঃ জাহাঙ্গীর হুসাইন মিয়া, দিলরুবা বেগম এবং জয়ন্তী রানী বসাক।